

স্কুল অফ বিজনেস এন্ড ইকোনমিকস

ইন্টারন্যাশনাল এক্রেডিটেশন প্রাপ্ত দেশের প্রথম বিজনেস স্কুল

P-1

নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অফ বিজনেস এন্ড ইকোনমিকস (এসবিই) আন্তর্জাতিকভাবে স্বীকৃত বাংলাদেশের প্রথম কোনো বিজনেস স্কুল। আমেরিকার এক্রেডিটেশন কাউন্সিল ফর বিজনেস স্কুলস এন্ড প্রোগ্রামস (এসিবিএসপি) দ্বারা অনুমোদিত। এসিবিএসপি এক্রেডিটেশন পাঠদানের শ্রেষ্ঠত্বেরই স্বীকৃতি। এ প্রোগ্রামগুলো চাকরির বাজারের জন্য স্টুডেন্টদের প্রয়োজনীয় দক্ষতা অর্জনের জন্য প্রস্তুত করেছে। স্কুল অফ বিজনেস এন্ড ইকোনমিকসের অধীনে রয়েছে বেশ কয়েকটি ডিপার্টমেন্ট ও প্রোগ্রাম- একাউন্টিং এন্ড ফাইন্যান্স, ইকোনমিক্স, ম্যানেজমেন্ট, মার্কেটিং এন্ড ইন্টারন্যাশনাল বিজনেস এবং বিবিএ, ইএমবিএ ও এমবিএ প্রোগ্রাম। এসবিই বৃটেনের চার্টার্ড এসোসিয়েশন অফ বিজনেস স্কুলসের (সিএবিএস) সদস্য। ২০২০ সালে বাংলাদেশের প্রথম বিজনেস স্কুল হিসেবে এ সদস্যপদ লাভ করে। ফলে এসবিই এখন বৃটেনের বেশিরভাগ নামিদামি ইউনিভার্সিটি কর্তৃক প্রদত্ত ডিগ্রির মতোই বিবেচিত হয়। সিএবিএস সদস্যপদ শিক্ষকদের উন্নয়ন, শিক্ষার মান উন্নয়ন নিশ্চিত করার জন্য জনসংযোগে অবদান এবং বিভিন্ন আন্তর্জাতিক স্বীকৃতির মান পূরণে সহায়তা করে।

স্কুল অফ বিজনেস এন্ড ইকোনমিক্স বিশ্বব্যাপী উৎকর্ষের জন্য এসোসিয়েশন টু এডভান্স কলেজিয়েট স্কুলস অফ বিজনেস (এএসিএসবি) স্বীকৃতি অর্জনের পথেও যথেষ্ট অগ্রগতি হয়েছে। এই এএসিএসবি এক্রেডিটেশন বিশ্বব্যাপী সর্বাধিক স্বীকৃত ও সমাদৃত এক্রেডিটেশন হিসেবে পরিচিত। এসবিই এসোসিয়েশন অফ ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট ইন্সটিটিউশনস ইন সাউথ এশিয়া (এএমডিআইএসএ) কর্তৃক প্রদত্ত সাউথ এশিয়ান কোয়ালিটি এসুরেন্স সিস্টেম (এসএকিউএস) স্বীকৃতি অর্জনের পথে অগ্রগতি হয়েছে। এসএকিউএস হলো বিজনেস স্কুলের জন্য পরামর্শদান, মান উন্নয়ন এবং মান নিশ্চিতকরণ এবং স্বীকৃতির জন্য একটি বিশ্বব্যাপী মানদণ্ডপ্রাপ্ত ব্যবস্থা।

এ ছাড়া এনএসইউর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং এবং সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট ইন্সটিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের (আইইবি) বোর্ড অফ এক্রেডিটেশন ফর ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনিক্যাল (বিএইটিই) এডুকেশন কর্তৃক স্বীকৃত। এটি ২০২৩ সাল থেকে ওয়াশিংটন একডের পূর্ণ স্বাক্ষরকারী প্রতিষ্ঠান। প্রথমবারের ২০১৭ সালের মে মাসে এক্রেডিটেশন ম্যানুয়ালের (v1) অধীনে বিএইটিই থেকে তাদের স্বীকৃতি লাভ করে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট। পরবর্তী সময়ে এ দুটি প্রোগ্রামই এক্রেডিটেশন ম্যানুয়াল (v1)-এর অধীনে স্বীকৃতি লাভ করে। সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামটি বাংলাদেশে প্রথম যেটি বিএইটিইর আউটকাম বেজড এক্রেডিটেশন ম্যানুয়াল অনুযায়ী স্বীকৃত। প্রোগ্রামটি আনুষ্ঠানিকভাবে আইইবি কর্তৃক অনুমোদিত। এটি ২০১৯ সাল থেকে কার্যকর। এসব বিষয়ে কথা হচ্ছিল নর্থ সাউথ ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. আবদুল হান্নান চৌধুরীর সঙ্গে। কথোপকথনটি তুলে ধরেছেন যায়যায়দিনের আমিনুল ইনলাম তুহিন

